



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী
ঋণ ও অগ্রিম বিভাগ-১

ঋণঅবি-১ সার্কুলার লেটার নং-১২/২০২৪

তারিখ: ০১.০৭.২০২৪

- সকল জোনাল ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
- উপসহায়ক ব্যবস্থাপক
রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী
- সকল শাখা ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

AGM-3
01.07.2024
Mr. Habib/Halim
01.07.2024

বিষয়ঃ ঋণ পুনঃতফসিলকরণ ও পুনর্গঠন সংক্রান্ত মাস্টার সার্কুলার

প্রিয় মহোদয়

উপর্যুক্ত বিষয়ে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর বিআরপিডি সার্কুলার নং-১৬/২০২২, তাং-১৮.০৭.২০২২ এর অনুবৃত্তিক্রমে অত্র বিভাগ এর ঋণঅবি-১ সার্কুলার নং-০৫/২০২২, তাং-০৪.০৯.২০২২ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর গত ২৩.০৬.২০২৪ তারিখের সূত্র নং-বিআরপিডি(পি)/৬৬১/১৩/আরআর (পি)/২০২৪-৫১৮৩ এর মাধ্যমে অবহিত করা হয়েছে যে, বিআরপিডি সার্কুলার নং-১৬/২০২২ এর সংযোজনী-‘ক’ এর ছক-‘ক’ এর কলাম-২ এ উল্লিখিত ‘মোট পুনঃতফসিলকৃত ঋণের পরিমাণ’ অংশে কোনো কোনো ব্যাংক ক্রমপুঞ্জিভূত পুনঃতফসিলকৃত ঋণের পরিমাণ এবং/অথবা পুনঃতফসিলকরণ পরবর্তীতে বিরূপমানে শ্রেণিকৃত ঋণ অন্তর্ভুক্ত করছে। এতদপ্রেক্ষিতে, ব্যাংকের নির্দিষ্ট তারিখ ভিত্তিক পুনঃতফসিলকৃত ঋণের পরিমাণ দ্বৈত গণনার ফলে পুনঃতফসিলকৃত এবং বর্তমানে নিয়মিত রয়েছে এরূপ ঋণের পরিমাণ সম্পর্কে স্পষ্ট তথ্য পাওয়া সম্ভব হচ্ছে না।

০৩। উপরিলিখিত অবস্থার প্রেক্ষিতে দ্বৈত গণনা পরিহার এবং তথ্যের সামঞ্জস্যতা নিশ্চিতকরণে বিআরপিডি সার্কুলার নং-১৬/২০২২ এর সংযোজনী-‘ক’ এর ছক-‘ক’ নিম্নোক্তভাবে প্রতিস্থাপনের জন্য আলোচ্য পত্রের মাধ্যমে নির্দেশনা দেয়া হয়েছে:

মোট ঋণ	মোট পুনঃতফসিলকৃত ঋণের পরিমাণ	বর্তমান ত্রৈমাসিকে		মোট পুনর্গঠিত ঋণের পরিমাণ	বর্তমান ত্রৈমাসিকে পুনর্গঠিত ঋণের পরিমাণ	মন্তব্য
		পুনঃতফসিলকৃত ঋণের পরিমাণ	পুনঃতফসিলকৃত ঋণ পুনরায় শ্রেণিকৃত হওয়ার পরিমাণ			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)

এতদ্ব্যতীত, উক্ত ছকের কলাম-২ এ উল্লিখিত ‘মোট পুনঃতফসিলকৃত ঋণের পরিমাণ’ অংশে ব্যাংকের ঐ তারিখ ভিত্তিক মোট পুনঃতফসিলকৃত ঋণের মাধ্যমে শুধুমাত্র নিয়মিত (স্ট্যান্ডার্ড ও এসএমএ মানে শ্রেণিকৃত) অংশে স্থিতি প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

(চলমান পাতা-০২)


পাতা-০২

বিষয়ঃ ঋণ পুনঃতফসিলকরণ ও পুনর্গঠন সংক্রান্ত মাস্টার সার্কুলার

০৪। এমতাবস্থায়, সার্কুলার লেটারে ০৩ (তিন) নম্বর অনুচ্ছেদে বর্ণিত বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা যথাযথভাবে পরিপালন পূর্বক ঋণ পুনঃতফসিলকরণ ও পুনর্গঠন সংক্রান্ত বিবরণী ত্রৈমাসিক ভিত্তিতে শাখাসমূহ প্রতি ত্রৈমাস অন্তে পরবর্তী মাসের ০৪ তারিখের মধ্যে স্ব-স্ব জোনাল কার্যালয়ে ই-মেইলযোগে প্রেরণ করবে। জোনাল কার্যালয় কর্তৃক শাখা হতে প্রাপ্ত বিবরণী গুণানুপুঞ্জরূপে যাচাই করে নির্ভুল বিবরণী শাখাওয়ারী সংকলনপূর্বক জোনের সংকলিত বিবরণী ই-মেইলযোগে ০৫ তারিখের মধ্যে ঋণ অগ্রিম বিভাগ-১ এবং ঋণ আদায় বিভাগ-২ এ প্রেরণ নিশ্চিত করতে হবে। এছাড়া রাকাব স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী উক্ত বিবরণী ০৫ তারিখের মধ্যে ই-মেইলযোগে সরাসরি আলোচ্য ২ (দুই) বিভাগে প্রেরণ করবে।

অনুমোদনক্রমে-

আপনাদের বিশ্বস্ত



(শওকত শহীদুল ইসলাম)


উপমহাব্যবস্থাপক

সূত্র নং- প্রকা/ঋণঅবি-১/২৩৭/২০২৪-২০২৫/০২(৪৫৪)

তারিখ : ০১.০৭.২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক, সচিব, বিভাগীয়/ইউনিট/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
সার্কুলার লেটারটি ব্যাংকের ওয়েব সাইডে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ-কে অনুরোধ করা হলো।
- ০৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৮। প্রকল্প পরিচালক, রাকাব-এসইসিপি, সিপিও, রাজশাহী।
- ০৯। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী-কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১০। উপমহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
- ১১। অফিস নথি/মহানথি।



(জয়ন্ত কুমার মন্ডল)

উর্ধ্বতন কর্মকর্তা